



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



নং- ঢাশিবো/বি/১৩৭/টাং/৪০৬২

তারিখ : ১২/০৬/২০২৪

বিষয়: অবহিতকরণ প্রসঙ্গে।

- সূত্র : ১. বোর্ডের ই-নথিতে দাখিলকৃত আবেদনের আই ডি নং-২৮৯০৪ তারিখ: ১৮/০৩/২০২৪ইং এর আবেদন।
 ২. মোঃ মনিরুল ইসলাম গং কর্তৃক গত ১৪/০৩/২০২৪ইং তারিখে বোর্ডে দাখিলকৃত আবেদন।
 ৩. মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-৬৬০১/২০২৪ তারিখঃ০২/০৬/২০২৪ ইং এর প্রদত্ত আদেশ।
 ৪. মোঃ আশরাফুজ্জামান কর্তৃক ০৫/০৬/২০২৪ ইং তারিখের দাখিলকৃত আবেদন।
 ৫. বোর্ড কর্তৃক প্রেরিত পত্রের স্মারক নং- ঢাশিবো/বি/১৩৭/টাং/৪০৬১ তারিখঃ ১২/০৬/২০২৪ ইং।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সূত্রোক্ত (৩) নং ক্রমিকে উল্লিখিত মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-৬৬০১/২০২৪ তারিখঃ০২/০৬/২০২৪ ইং এর প্রদত্ত আদেশ মোতাবেক রুল নিশি জারি করা হয় এবং উক্ত পিটিশনের রেসপনডেন্ট নং-৬, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, গোপালপুর, টাঙ্গাইল-এর গত ১৩/০৩/২০২৪ ইং তারিখের রেজুলেশনের সভাপতি সম্পর্কিত পদের (Annexure-C-1) কার্যকারিতা আদেশের তারিখ হতে ০৩(তিন) মাসের জন্য স্থগিত করা হয়। সেই সাথে রীট পিটিশনার নং-২-৫ ও মোকাবিলা রেসপনডেন্ট নং-৯ কর্তৃক গত ১৪/০৩/২০২৪ ইং তারিখ দাখিলকৃত আবেদনটি (Annexure-D) আদেশ প্রাপ্তির ০২(দুই) সপ্তাহের মধ্যে নিষ্পত্তিক্রমে পিটিশনার নং-১ এর নাম সভাপতি হিসেবে অর্ন্তভুক্ত করে উক্ত প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য রেসপনডেন্ট নং-১ ও ২ যথাক্রমে সচিব, শিক্ষা মন্ত্রণালয় ও চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা-কে নির্দেশনা প্রদান করেন।

মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-৬৬০১/২০২৪ তারিখঃ০২/০৬/২০২৪ ইং এর প্রদত্ত আদেশ মোতাবেক তা নিষ্পত্তিক্রমে, সূত্রোক্ত (২) নং ক্রমিকে উল্লিখিত উক্ত রীট পিটিশনের পিটিশনার নং-২-৫ ও মোকাবিলা রেসপনডেন্ট নং-৯ কর্তৃক গত ১৪/০৩/২০২৪ ইং তারিখ দাখিলকৃত আবেদন (Annexure-D) ও সূত্রোক্ত (১) নং ক্রমিকে উল্লিখিত বোর্ডের ই-নথিতে দাখিলকৃত আবেদনের আই ডি নং-২৮৯০৪ তারিখ: ১৮/০৩/২০২৪ইং এর আবেদনকে আমলে এনে, পিটিশনার নং-১. মোঃ আশরাফুজ্জামান এর নাম সভাপতি হিসেবে অর্ন্তভুক্ত করে মোহনপুর পাবলিক উচ্চ বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি অনুমোদন প্রদান করা হয়। বোর্ড কর্তৃক প্রেরিত পত্রের স্মারক নং- ঢাশিবো/বি/১৩৭/টাং/৪০৬১ তারিখঃ১২/০৬/২০২৪ ইং।

এমতাবস্থায়, মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-৬৬০১/২০২৪ তারিখঃ০২/০৬/২০২৪ ইং এর প্রদত্ত নির্দেশনা অনুযায়ী, উক্ত পিটিশনের রেসপনডেন্ট নং-৬, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, গোপালপুর, টাঙ্গাইল-এর গত ১৩/০৩/২০২৪ ইং তারিখের রেজুলেশনের সভাপতি সম্পর্কিত পদের (Annexure-C-1) কার্যকারিতা আদেশের তারিখ হতে ০৩ (তিন) মাসের জন্য স্থগিতাদেশ এর বিষয়টি এবং বোর্ড কর্তৃক প্রেরিত পত্রের স্মারক নং- ঢাশিবো/বি/১৩৭/টাং/৪০৬১ তারিখঃ১২/০৬/২০২৪ ইং এর মাধ্যমে নিষ্পত্তি সংক্রান্ত বিষয়টি অবহিত করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বা:-

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

প্রধান শিক্ষক

মোহনপুর পাবলিক উচ্চ বিদ্যালয়
গোপালপুর, টাঙ্গাইল।

মেমো নং- ৪০৬২(১০)

তারিখ : ১২/০৬/২০২৪

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, রমনা, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, টাঙ্গাইল।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, গোপালপুর, টাঙ্গাইল।
- ৫। জেলা শিক্ষা অফিসার, টাঙ্গাইল।
- ৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, গোপালপুর, টাঙ্গাইল।
- ৭। সভাপতি, ম্যানেজিং কমিটি, মোহনপুর পাবলিক উচ্চ বিদ্যালয়, গোপালপুর, টাঙ্গাইল।
- ৮। মোঃ আশরাফুজ্জামান গং, পিটিশনার, রিট পিটিশন নং-৬৬০১/২০২৪
- ৯। পি এস টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ১০। অফিস কপি।

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

১২/০৬/২০২৪